

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৩০৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَّارَةِ)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذَكَرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

1304 - أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِسُنْتِ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ الْحُلَوَانِيُّ حَدَّثَنَا يَعْلَى بْنُ عُبَيْدٍ حَدَّثَنَا الْأَعْمَشُ: عَنْ شَقِيقٍ قَالَ: كُنْتُ مَعَ عَبْدِ اللَّهِ وَآبِي مُوسَى فَقَالَ أَبُو مُوسَى: يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ الرَّجُلُ يُجْنِبُ فَلَا يَجِدُ الْمَاءَ يُصَلِّي؟ فَقَالَ: تَسْمَعُ قَوْلَ عَمَّارِ بْنِ يَاسِرٍ لِعُمَرَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَنَا أَنَا وَأَنْتَ فَأَجْنَبْتَ فَتَمَعَّكَتُ بِالصَّعِيدِ فَأَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرْتُهُ فَقَالَ: (إِنَّمَا كَانَ يَكْفِيكَ) وَمَسَحَ وَجْهَهُ وَكَفَّيْهِ وَاحِدَةً فَقَالَ إِنِّي لَمْ أَرْ عُمَرَ قَنَعَ بِذَلِكَ فَقَالَ: كَيْفَ تَصْنَعُونَ بِهَذِهِ الْآيَةِ: {فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا} قَالَ: لَوْ رَخَّصْنَا لَهُمْ فِي هَذِهِ كَانَ أَحَدُهُمْ إِذَا وَجَدَ الْمَاءَ الْبَارِدَ يَمْسَحُ بِالصَّعِيدِ. قَالَ الْأَعْمَشُ: فَقُلْتُ لِشَقِيقٍ: مَا كَرِهَهُ إِلَّا لِهَذَا.

الراوي : شَقِيقُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1304 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩০৪. শাকীক রহিমাল্লাহ বলেন, “আমি আব্দুল্লাহ বিন মাস‘উদ ও আবু মুসা আল আশ‘আরী রাদিয়াল্লাহু আনহুমা কাহে ছিলাম। তখন আবু মুসা রাদিয়াল্লাহু আনহু আব্দুল্লাহ বিন মাসউদ রাদিয়াল্লাহু আনহুকে বললেন, “হে আবু আব্দুর রহমান, একজন ব্যক্তি জুনুবী হয়ে যায় কিন্তু সে কোন পানি পায়না, সে কি সালাত আদায় করবে?” তিনি আবারো বলেন, “আপনি তো উমার রাদিয়াল্লাহু আনহুর উদ্দেশ্যে আমাদের রাদিয়াল্লাহু আনহুর কথা শুনেছেন; রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে এবং আপনাকে এক জায়গায় পাঠিয়েছিলেন অতঃপর আমি জুনুবী হয়ে যাই ফলে আমি মাটিতে গড়াগড়ি দেই। তারপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের

কাছে আসি এবং তাঁর কাছে ঘটনা বর্ণনা করি। তখন তিনি বলেন, “তোমার জন্য যথেষ্ট ছিল এরকম করা। এই বলে তিনি হাত জমিনে মারেন অতঃপর তাঁর মুখমন্ডল ও দুই হাতের কজি পর্যন্ত মাসেহ করেন একবার।” তখন আব্দুল্লাহ বিন মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন, “আমি মনে করি না যে, এতে উমার রাদিয়াল্লাহু আনহু তুষ্ট হয়েছিলেন।”

আবু মুসা রাদিয়াল্লাহু আনহু বলেন, “আপনি এই আয়াতটির ব্যাপারে কী করবেন? যেখানে বলা হয়েছে, {فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيِّبًا} (অতঃপর যদি তোমরা পানি না পাও, তবে পবিত্র মাটি দিয়ে তায়াম্মুম করবে।)” (সূরা মায়িদা: ৬।) জবাবে তিনি বলেন, “যদি আমরা এই ব্যাপারে অবকাশ দেই, তবে লোকজন শরীরে পানি ঠান্ডা লাগলেই মাটি দিয়ে তায়াম্মুম করবে।”

ইমাম আশাশ বলেছেন, আমি শাকীককে বললাম, “এজন্যই তিনি তায়াম্মুম করা অপছন্দ করতেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৮-১৫৯; সহীহ মুসলিম: ৩৬৮; মুসনাদ আহমাদ: ২/৩৯৬; সহীহ আল বুখারী: ৩৪৭; আবু দাউদ: ৩২১; নাসাঈ: ১/১৭০; দারাকুতনী: ১/১৭৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭০; আবু আওয়ানা: ১/৩০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (আস সহীহাহ: ৩৩৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ শাকীক ইবনে আব্দুল্লাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90618>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন